

ঢাবিতে ‘ঘ’ ইউনিটে বিভাগ পেতে এবার বিষয়ভিত্তিক শর্ত নেই

প্রতিবেদক, ঢাকা বিশ্ববিদ্যালয়

০১ নভেম্বর ২০১৯, ২৩:২৭


আপডেট: ০২ নভেম্বর ২০১৯, ১২:৩৯



ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত ‘ঘ’ ইউনিটের
বিভিন্ন বিভাগে ভর্তির ক্ষেত্রে আগে ভর্তি পরীক্ষার বিষয়গুলোতে
নির্দিষ্ট নম্বর পাওয়ার শর্ত থাকত। কিন্তু এবার সেই নিয়ম বাতিল
করা হয়েছে। ভর্তি পরীক্ষার মেধাক্রমের ভিত্তিতে এবার শিক্ষার্থীদের
বিভাগ বরাদ্দ দেওয়া হবে।

সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক সাদেক হালিম প্রথম আলোকে এ তথ্য নিশ্চিত করেছেন। তবে অন্য^১
ইউনিটগুলোতে বিভাগ পাওয়ার ক্ষেত্রে ভর্তি পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বরের শর্ত বহাল রয়েছে।

‘ঘ’ ইউনিট থেকে ইংরেজি বিভাগে ভর্তি হতে হলে আগে ভর্তি পরীক্ষায় ইংরেজি অংশে ২০ নম্বর পাওয়ার শর্ত ছিল।
আইন পেতে হলে ইংরেজিতে ন্যূনতম ১৮ আর বাংলা বা উচ্চতর ইংরেজিতে পেতে হতো ১৪। প্রতিটি বিভাগ পাওয়ার
ক্ষেত্রেই এ রকম শর্ত ছিল। শর্ত পূরণ করতে পারলে মেধাতালিকায় পেছনে থেকেও অনেকে পছন্দের বিষয়ে ভর্তি
হতে পারতেন। কিন্তু এবার এমন কোনো শর্ত থাকছে না। এবার মেধাক্রম অনুযায়ী পছন্দের বিষয় বরাদ্দ পাবেন
শিক্ষার্থীরা।



উচ্চমাধ্যমিকের বিভাগ পরিবর্তনের জন্য বিজ্ঞান, কলা ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে উন্নীর্ণ যেকোনো শিক্ষার্থী নিজ নিজ ইউনিটে আবেদনের যোগ্যতা পূরণ সাপেক্ষে ‘ঘ’ ইউনিটে আবেদন করতে পারেন। এই ইউনিটের ফলাফলে এবার বিজ্ঞান শাখা থেকে ৮ হাজার ৪৮৫ জন, ব্যবসায় শিক্ষা থেকে ২ হাজার ১০৪ জন এবং মানবিক শাখা থেকে ৫৬৯ জন শিক্ষার্থী উন্নীর্ণ হয়েছেন। উন্নীর্ণ এসব প্রার্থীকে ৩১ অক্টোবর থেকে ১৪ নভেম্বরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ‘চয়েস ফরম’ ও বিস্তারিত ফরম পূরণ করতে বলা হয়েছে।

পরীক্ষার এক মাস পর গত ২৯ অক্টোবর ‘ঘ’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়। ফলাফলে পরীক্ষায় অংশ নেওয়া ৮৪ হাজার ১৭৭ শিক্ষার্থীর মধ্যে ১১ হাজার ১৫৮ জন উন্নীর্ণ হয়েছেন, পাসের হার ১৩ দশমিক ২৬ শতাংশ। বিজ্ঞান শাখা থেকে ১ হাজার ৯৭ জন, ব্যবসায় শিক্ষা থেকে ৪১০ জন ও মানবিক শাখার ৫৩ জন এবার এই ইউনিটের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পাবেন।

এবারই প্রথমবারের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় নের্ব্যক্তিকের পাশাপাশি লিখিত পরীক্ষা হয়। পাঁচটি ইউনিটের অধীনে এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসনসংখ্যা ৭ হাজার ২০৮টি। এসব আসনের বিপরীতে এবার ২ লাখ

৭৬ হাজার ৫৩৭টি আবেদন জমা পড়েছিল। সব ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর এখন ভর্তি প্রক্রিয়া

চলছে।